



TIGER CONSERVATION

ZOOLOGY GENERAL

(Paper G-CC-T-02)
2ND SEMESTER

Submitted by- SANGITA BASAK
Department Of Zoology
Krishnath College, Berhampore

8.3 ব্যাঘ্র প্রকল্প (Tiger Project)

◆ সংজ্ঞা (Definition) : স্বাভাবিক পরিবেশে বাঘকে বাঁচিয়ে রাখার জন্য এবং বাঘের সংখ্যা বৃদ্ধি করার জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি করার যে পরিকল্পনা তাকেই ব্যাঘ্র প্রকল্প বা Tiger Project বলে।

■ বাঘের সংখ্যা হ্রাস পাওয়ার কারণ :

- (i) চোরা শিকারী কর্তৃক বাঘ শিকার।
- (ii) বাসস্থানের স্বল্পতা।
- (iii) পানীয় জলের অভাব।
- (iv) খাদ্যের অভাব।
- (v) প্রজননের ব্যাঘাত।
- (vi) রোগজনিত মৃত্যু।
- (vii) মানুষের উপদ্রবজনিত কারণ।




Fig. 8.2 : সুন্দরবনের ব্যাঘ্র প্রকল্প

■ বাঘ সংরক্ষণের তাৎপর্য :

- (i) বাঘের সংখ্যা বৃদ্ধি ঘটিয়ে বাঘের অস্তিত্ব বজায় রাখা।
- (ii) বনাঞ্চলের প্রাকৃতিক সৌন্দর্য বজায় রাখা।
- (iii) বনের খাদ্য শৃঙ্খল তথা বাস্তুতন্ত্রের ভারসাম্য বজায় রাখা।
- (iv) বনাঞ্চলের অতিরিক্ত বাঘ চিড়িয়াখানা, সার্কাস প্রভৃতিতে সরবরাহ করা এবং জন সাধারণের চিত্ত বিনোদন করা।
- (v) মৃত বাঘের চামড়া, নখ ইত্যাদি দেশ-বিদেশে রপ্তানি করে দেশের অর্থনৈতিক কাঠামো মজবুত করা।

■ বাঘ সংরক্ষণের প্রচেষ্টা :

- (i) বাঘের জন্য নির্দিষ্ট জায়গা চিহ্নিত করা।
- (ii) প্রয়োজন মতো শিকার ধরার জন্য পর্যাপ্ত জায়গা ও খাদ্যের ব্যবস্থা করা।
- (iii) পর্যাপ্ত পানীয় জল সরবরাহের ব্যবস্থা রাখা।
- (iv) শিকার ধরার জন্য উপযুক্ত পরিবেশ তৈরি করা।
- (v) নির্ভূতে প্রজননের ব্যবস্থা করা।
- (vi) আইন করে বাঘ শিকার বন্ধ করা।

- (vii) স্ত্রী ও পুরুষ বাঘের সংখ্যা নির্দিষ্ট সংখ্যায় বজায় রাখার চেষ্টা।
- (viii) গণ শিক্ষার প্রসার ঘটিয়ে গণচেতনার উন্মেষ ঘটানো।